

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ভারুয়াল কনফারেন্স কক্ষে ‘অহঁধষ চবৎভড়ৎসধহপব অমৎববসবহঃ: ওসঢ়ষবসবহঃধঃরড়হ ধহফ ঈযধষষবহমবং’ ও ‘ঘধঃরড়হধষ ওহঃবমৎরঃু ঝঃৎধঃবমু’ বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. সৌমিত্র শেখর এর সভাপতিত্বে করেন। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) সম্মানিত সদস্য প্রফেসর ড. মো. আবু তাহের। প্রধান অতিথি ড. মো. আবু তাহের বক্তব্যের শুরুতেই কর্মশালায় অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়ের সব বিভাগীয় প্রধান ও দপ্তর প্রধানদের উদ্দেশে তিনি বলেন, আপনাদের সবাইকে একটি টিমের মধ্য দিয়ে কাজ করে যেতে হবে।

advertisement

advertisement 4

একটি (টিমের) দলের (ক্যাপ্টেন) প্রধান যতই ভালো হোন না কেন, দলের অন্য সদস্যরা যদি ভালো না হয় তাহলে ওই দলের সফলতা আসবে না। বিশ্ববিদ্যালয়ে এবারই প্রথম বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হতে যাচ্ছে জেনে প্রধান অতিথি বিস্ময় প্রকাশ করেন। তবে এ বিশ্ববিদ্যালয়ে যোগদানের স্বল্প সময়ের মধ্যেই বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হতে যাচ্ছে জেনে তিনি মাননীয় উপাচার্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাশুরেন্স সেল (আইকিউএসি)-এর আয়োজনে প্রশিক্ষণ কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সম্মানিত সচিব ড. মো. ফেরদৌস জামান।

